উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ।

**অক্টোবর/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ ২৯ অক্টোবর ২০২০ খ্রিঃ বেলা-১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল। |
| সভাপতি | ঃ জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ। |

**সভায় উপস্থিত সদস্যগণের বিবরণ-পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত হলো।**

সভার শুরুতেই উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা সভাপতি হিসেবে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় গত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। এরপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কাজ পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

**বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে আলোচনা ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত আছে। কোভিড-১৯ প্রতিরোধে সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইলকে অনুরোধ করা হয়। | ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল। |

**০২। কৃষি বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০২ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান, বোরো মৌসুম আসন্ন।কভিড-১৯ পরবর্তী সময়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে গত বোরো মৌসুমের ন্যায় এ বছর আমাদের বোরো ধান উৎপাদনে অধিক সচেতন হতে হবে।সরকার বোরো ধান এর উৎপাদন বৃদ্ধির এবং কৃষকের আগ্রহ বৃদ্ধির জন্যে ইতোমধ্যে বিএডিসি বীজ ধানের দাম শতকরা ১০% হ্রাস করেছে। কৃষকেরা জাতীয় পরিচয় পত্র প্রদর্শন পূর্বক নির্ধারিত ডিলারের নিকট হতে বীজ সংগ্রহ করতে পারবেন। উপজেলা কৃষি অফিসার সভাকে আরও জানান যে, এ বছর বন্যায় ক্ষতগ্রস্থ কৃষকদের পুনর্বাসনের জন্য তাড়াইল উপজেলায় ২৬৫০ জনের জন্য এবং ৮৬০ জনের কৃষি প্রণোদনার বরাদ্দ পাওয়া গেছে। এ সকল প্রণোদনা এবং পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | ০১.উপজেলা কৃষি অফিসার, তাড়াইল। |

**০৩.প্রাণিসম্পদ বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাণিসম্পদ দপ্তরের সংযোগ রাস্তাটি মেরামত করা প্রয়োজন বলে তিনি সভায় উপস্থাপন করেন। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ সকল কার্যক্রম নীতিমালার আলোকে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাড়াইলকে অনুরোধ করা হয়। | ০১.উপজেলা প্রাণি সম্পদ অফিসার তাড়াইল।<br>২.উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল। |

**০৪.স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২০-২১ অর্থবছরে এ র প্রথম কিস্তি বরাদ্দ পাওয়া গেছে। আধিকন্তু উপজেলা উন্নয়ন তহবিলে প্রায় ৩৪০০ লক্ষ টাকা আছে। ফলে উল্লেখিত দুই প্রকল্পের আওতায় চলতি বছরে প্রকল্প বাস্তবয়নের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলেকে অনুরোধ করেন এবং এ সম্পর্কে আলোচনার প্রস্তাব করেন। | সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়.<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>২.উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল। |

.শিক্ষা বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল। |

০৬. মৎস্য বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল। |

০৭.পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১.উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল। |

০৮.যুব উন্নয়ন বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। যুব প্রশিক্ষন ও বিনোদন কেন্দ্র নির্মাণের জন্য ৫০ শতাংশ জমি নির্বাচন করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল। |

০৯.পল্লী উন্নয়ন বিভাগঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল। |

১০.সমবায় বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১০ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১.উপজেলা সমবায় কর্মকর্তা তাড়াইল। |

১১.প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, যেসকল চেয়ারম্যানগন এখনো তাদের বরাদ্দকৃত টিআর ও কাবিটা প্রকল্পের তালিকা জমা দেননি তাদের আগামী ১০/১১/২০২০ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য। ইজিপিপি এর প্রকল্প তালিকা ও শ্রমিক তালিকা জমা দিয়ে প্রকল্পের সাইনবোর্ড দিয়ে প্রকল্পের কাজ শুরু করার জন্য। অন্যান্য বিভাগীয় কাজ যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল। |

১২.মহিলা বিষয়ক বিভাগ ঃ

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, VGD নতুন কার্ডের জন্য আবেদন ১০ নভেম্বর এর মধ্যে অনলাইনে দাখিল করতে হবে। এছাড়া "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কার্ড এর জন্য প্রতি ইউনিয়ন থেকে ৫০জন গর্ভবতী মহিলার তালিকা এবং ১০ জন অপেক্ষমাণ, মোট ৬০জনের একটি তালিকা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে চাওয়া হয়েছিলো। ব্যাংক একাউন্ট, NID, ফোন নাম্বার সহ উক্ত তালিকা আগামি ১৮/১১/২০২০ ইং তারিখের মধ্যে যদি কোন ইউনিয়ন পরিষদ পাঠাতে না পারেন তবে ঐ ইউনিয়নের মহিলারা ২০২০-২১ চক্রের গর্ভবতী কার্ড প্রাপ্তি থেকে বঞ্চিত হবেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

**১৩.জনস্বাস্থ্য বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,তাড়াইল । |

**১৪.মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৪ | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সংসদ টিভিতে প্রতিদিন ১০-৪ টা পর্যন্ত ক্লাস প্রচার করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,তাড়াইল |

**১৫.ইন্সট্রাক্টর উপজেলা রির্সোস সেন্টার ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৫ | ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার, তাড়াইল। |

**১৬.পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৬ | আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, তাড়াইল। |

**১৭.উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয় । | ০১. উপজেলা সমাজসেবা অফিসার তাড়াইল। ০২. ইউপিঃ চেয়ারম্যান (সকল) |

**১৮.বন বিভাগ ঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৮ | উপজেলা বনসংরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, তাড়াইল। |

**১৯.বিবিধঃ**

| ক্র | আলোচ্য সূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৯ | চেয়ারম্যান, তাড়াইল-সাচাইল ইউ.পি. জানান যে তার ইউনিয়নের ৮ নং ওয়ার্ড এর গ্রাম পুলিশ এর পদটি শূন্য থাকায় জরুরী ভিত্তিতে উক্ত পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।<br><br>জনাব মুজিবুর রহমান, পুরুড়া এর সেচ নলকূপ লাইসেন্স এর আবেদন অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে পরবর্তী সভায় ভোটিং এর মাধ্যমে নিস্পত্তি করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রথম ধাপে তাড়াইলে ৭৫ জন গৃহহীন ও ভূমিহীন ব্যক্তির জন্য ১৭১০০০/- ব্যয়ে ৭৫টি সেমি পাকা বাসগৃহ নির্মাণ এর বরাদ্দ পাওয়া গেছে। কিন্তু তাড়াইলে গৃহহীন ভূমিহীন রয়েছেন ৩৯১ জন ব্যক্তি। স্বেচ্ছায় বাকি গৃহহীন ভূমিহীন ব্যক্তিদের বাসগৃহ নির্মাণ করে দেবার জন্য | তাড়াইল-সাচাইল ইউ.পি. ৮ নং ওয়ার্ড এর গ্রাম পুলিশ এর শূন্য পদটিতে বিধি মোতাবেক নিয়োগ প্রদানে ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | সম্মানিত মূখ্য সচিব স্যার সকল ধনাঢ্য ব্যক্তিদের প্রতি অনুরোধ জানিয়েছেন। গৃহহীন ভূমিহীন ব্যক্তিদের বাসগৃহ নির্মাণ করে দেবার জন্য জন্য সম্মানীত জনপ্রতিনিধিবৃন্দ সহ সকলের প্রতি আহ্বান জানান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২০-১২৮৩

তারিখ ঃ ২৯/১০/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে ঃ-

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, ঢাকা বিভাগ ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান (উভয়), উপজেলা পরিষদ, তাড়াইল,কিশোরগঞ্জ।
০৭. উপজেলা.....................................................কর্মকর্তা, তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।
০৮. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।
০৯. জনাব...............................................তাড়াইল, কিশোরগঞ্জ।
১০. অফিস কপি।

29/10/2020

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ।